

মিসাইল টেকনোলজি কন্ট্রোল রেজিম-এ ভারতের যোগদান

ভারত আজ সকালে মিসাইল টেকনোলজি কন্ট্রোল রেজিম (এমটিসিআর)-এ যোগদান করল। প্যারিসে আয়োজিত এমটিসিআর-এর পয়েন্ট অফ কন্ট্র্যাক্টে ভারতকে সমর্থন-সংক্রান্ত এই সিদ্ধান্ত নেওয়া হয়, নয়াদিল্লির ফরাসি দুতাবাসের পাশাপাশি নেদারল্যান্ড ও লুক্সেমবুর্গের দুতাবাসের সমর্থনে।

ভারতের সদস্য পদের সমর্থনের জন্য এমটিসিআর-এর বাকি ৩৪ সদস্যকে ধন্যবাদ জানায় ভারত। এছাড়াও এই রেজিম-এ ভারতের সদস্যপদ পাওয়ার ব্যাপারে সাহায্য করার জন্য আমরা ধন্যবাদ জানাই নেদারল্যান্ড-এর রাষ্ট্রদূত পেট ডি'ক্লেক্র এবং এমটিসিআর-এর কার্যনির্বাহী আধিকারিক লুক্সেমবুর্গের জনাব রবার্ট স্টেইনমেটসকে। ভারত ৩৫ তম সদস্য হিসাবে রেজিমে যোগদান করল এবং এর ফলে আন্তর্জাতিকভাবে অবিস্তারে উদ্দেশ্য আরও এগিয়ে নেওয়ার ব্যাপারে পারস্পরিকভাবে উপকৃত হবে।

নয়াদিল্লি
জুন ২৭, ২০১৬